

## আলাপ - সংলাপ - ভাবনা

### ❖ ১৭ তারিখ সকালে

- : আমার বিয়ে ।
- : শানিষ্ঠা তোমার বিয়ে, কখন ?
- : আগামী মাসের চব্বিশ তারিখ ।

কিছুক্ষন চুপ । নিস্তব্ধতা ।

- : তাই তো , বেশ !  
তোমায় বেশ লাগছে !  
অপূর্ব !  
তোমার বিয়ে যেন উৎসব  
যেমনি তুমি আগে বলতে ।

.....  
.....  
.....

### ❖ ২২ তারিখ বিকালে

.....  
.....

- : বিপ্লব , তুমি থমকে গেলে কেন ?
- : কই, আমি তো আগের চেয়ে বেশ আছি,  
বেশ স্থির ।  
শুধু ভাবছি ওই পুরুষের কথা  
যাকে আমার বেশ অপছন্দ,  
দুই দিন পর হতে যা সাথে তোমার

মিতালী,

আজীবন মিতালী ।

আমার মুখে এই সব শুনে কষ্ট পাচ্ছে না

তো,

অভিমান করো না প্লিজ !

তোমাকে দুঃখ দিতে বড় কষ্ট আমার ও

হয়

তবু ও দেই ।

- : বিপ্লব, তুমি আমাকে যত কষ্টই দাও  
আজ আমি সব রাগ ভুলে যাব,

অভিমান ছুড়ে দেবো সাগরের নীল জলে ।

শুধু এতটুকু বলো :

” তুমি আসবে তো আমার বিয়েতে ? ”

ভুলো না তোমার প্রতিশ্রুতির কথা ।

- : কি যে বলো, আমি কি ভুলতে পারি  
তোমাকে কিংবা তোমাকে দেওয়া আমার  
প্রতিশ্রুতির কথা ।

আমি আসবো ; অবশ্যই আসবো ।

আমার সমস্ত ভালবাসা উজ্জার করে নিয়ে

আসবো

তোমার উৎসবে ।

### ❖ একান্তে একাকী দু'জনা

#### শানিষ্ঠার ভাবনা

আমি জানি তুমি আসবে বিপ্লব,

তুমি না এসে পারো না ।

আমার প্রতিটি উৎসবে

তুমি আমার হৃদয় জুড়ে রবে।

#### বিপ্লবের ভাবনা

আমি যাবো তোমার উৎসবে

তোমার নিমন্ত্রন কি ফেরাতে পারি ;

কখন ও নয় ।

জাভেদ আকতার

প্রথমকবিতা@জিমেইল.কম